ভোরের কাগজ

# রা.বি. ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাকে কুপিয়ে জখম

রা.বি প্রতিনিধি : ছাত্রদলের কতিপয় সন্ত্রাসী রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের টুকিটাকি চত্বরে গত বৃহস্পতিবার বেলা ১২টার দিকে প্রকাশ্য দিবালোকে শত শত ছাত্রের সামনে ছাত্রলীগ নেতা-সফিকুল ইসলাম মামুনকে (২৪) কুপিয়েছে। ছাত্রলীগ নেতাকে কোপানোর ঘটনায় ক্যাম্পাসের অন্যান্য প্রগতিশীল ছাত্র সংগঠনসহ সাংস্কৃতিক সংগঠনের কর্মীদের মাঝে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ছাত্রলীগ নেতাকে আক্রমণের ঘটনার পর বৃহস্পতিবার প্রশাসনের পক্ষ থেকে ক্যাম্পাসের নিরাপত্তার ব্যাপারে কোনো পদক্ষেপ নিতে দেখা যায়নি।

চারদলীয় জোট সরকার ক্ষমতাসীন হওয়ার অব্যবহিত পরেই রা.বি ক্যাম্পাসের ছাত্রদল কর্তৃক ছাত্রলীগ নেতাকর্মী ও সাংস্কৃতিক সংগঠনের কর্মীদের হল থেকে বিতাড়ন অভিযান শুরু হয়। এরই রেশ ধরে বৃহস্পতিবার ১২টায় ক্যাম্পাসের টুকিটাকি চত্বরে ছাত্রলীগ নেতা মামুনকে ছাত্রদলের কতিপয় ক্যাডার ক্যাম্পাস থেকে বের হয়ে যেতে বলে। মামুন অস্বীকৃতি জানালে হকিস্টিক, খুর, কিরিচ ইত্যাদি অস্ত্রে সজ্জিত হয়ে ক্যাডাররা নির্মমভাবে মামুনের ওপর একযোগে আক্রমণ চালায়। এ সময় পুলিশকে নীরব দর্শকের ভূমিকা পালন করতে দেখা যায়। মামুনের আর্ত চিৎকারে সাধারণ ছাত্ররা গুরুতর আহত অবস্থায় মামুনকে ক্যাডারদের হাত থেকে উদ্ধার করে। পরিস্থিতি প্রতিকূল দেখে ছাত্রদল ক্যাডাররা দ্রুত সটকে পড়ে। পরে মামুনকে গুরুতর আহত অবস্থায় বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে নিয়ে যাওয়া হয়।